

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
প্রেস রিলিজ

রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্য মজুত করে দাম না বাড়ানোর আহ্বান বাণিজ্য প্রতিমন্ত্রী

ঢাকা; ১৮ জানুয়ারি, ২০২৪খ্রি. বৃহস্পতিবার।



আসন্ন রমজান মাসে তেল চিনিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য মজুত করে কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে অযৌক্তিকভাবে দাম না বাড়ানো আহ্বান জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু।

রমজানকে সামনে রেখে যারা মজুতদারি করে পণ্যের দাম বৃদ্ধির চেষ্টা করবে তাদের ব্যাপারে কঠোর হতে একটুও পিছপা হবেন না বলেও হুঁশিয়ারি দেন প্রতিমন্ত্রী।

আজ রাজধানীর মোহাম্মদপুরে বাংলাদেশ ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-টিসিবি আয়োজিত দেশব্যাপী এককোটি ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের মধ্যে জানুয়ারি মাসের টিসিবি পণ্য বিক্রয় কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী জানান, পণ্যের অবৈধ মজুত রেখে বাজারে কৃত্রিম সংকট করা যাবে না। যারা বেশি মুনাফার লোভে অন্যায়ভাবে দ্রব্যমূল্যের দাম বাড়িয়ে দিয়ে বাজার অস্থিতিশীল করার চেষ্টা করবে তাদের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা নেবে।

তিনি আরও বলেন, ভয়-ভীতি বা জরিমানা করা আমাদের উদ্দেশ্য নেই। আমাদের উদ্দেশ্য উৎপাদন এবং রপ্তানিকারকদের থেকে রিটেইলারের মাধ্যমে ভোক্তার কাছে সহজে সকল পণ্য যেন পৌঁছে যায় সেই ব্যবস্থা নিশ্চিত

করা। একটি স্মার্ট বাজার ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা। যারা সংভাবে ব্যবসা করবে তাদের সব ধরনের সহযোগিতা সরকারের তরফ থেকে দেয়া হবে। কিন্তু যে সকল ব্যবসায়ী সুযোগ নেবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।



আহসানুল ইসলাম টিটু জানান, টিসিবির পণ্য বিতরণে মুখ্য ভূমিকা পালন করেন ডিলারগণ। তাদের সহযোগিতা না পেলে এই বিশাল কর্মসূচি পরিচালনা করা সম্ভব হতো না। এজন্যে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি বলেন ডিলারদের অবশ্যই জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। ডিলারশিপ প্রতিবছর পুনঃনিবন্ধন করার উদ্যোগ নেয়া হবে। যাদের বিরুদ্ধে অভিযোগ আসবে প্রমাণিত হলে ডিলারশিপ বাতিল করা হবে বলেও উল্লেখ করেন।

প্রতিমন্ত্রী বলেন, আমরা এক কোটি স্মার্ট কার্ড বিতরণ কার্যক্রম শুরু করেছি। ২০ লাখ কার্ড বিতরণ করা হয়েছে। বাকি কার্ড জুনের মধ্যে বিতরণ সম্পন্ন করা হবে।

তিনি বলেন, আমরা গার্মেন্টসের শ্রমিকদের জন্য আলাদা কার্ডের ব্যবস্থা করব। বিশেষ করে যারা কর্মজীবী মানুষ তারা যেন বিকালেও নিতে পারে সেই ব্যবস্থাগুলো আমরা সামনে নিয়ে আসব। আমরা শুরু করেছিলাম ট্রাক দিয়ে। সেখান থেকে দোকানে এসেছি। পরবর্তীতে এটা যেন ন্যায্য মূল্যের দোকানের মতো হয় সে ব্যবস্থা গ্রহণ করা হবে। টিসিবির কার্যক্রম মনিটরিং করার জন্য এসময় তিনি জনপ্রতিনিধিদের আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব তপন কান্তি ঘোষ। এছাড়া টিসিবির চেয়ারম্যান বিপ্রেডিয়ার জেনারেল মোঃ আরিফুল ইসলাম এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৯ নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব মোঃ সলিম উল্লাহ (সলু) উপস্থিত ছিলেন।



পরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর আয়োজিত মোহাম্মদপুর কৃষি মার্কেটে ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভায় যোগ দেন বাণিজ্য প্রতিমন্ত্রী।

সভায় দেয়া প্রধান অতিথির বক্তব্যে জানান, এককভাবে কাউকে বাজার নিয়ন্ত্রণ করতে দেয়া হবে না। এটা দেখার জন্য আমাদের প্রতিযোগিতা কমিশন আছে। আমাদের যুদ্ধ মজুতদারদের বিরুদ্ধে। যারা অতি মুনাফার লোভে অন্যায়ভাবে পণ্য মজুত করবে তাদের বিরুদ্ধে সরকার কঠোর হবে। যেসব পণ্যের সংকট দেখিয়ে দাম বাড়ানোর চেষ্টা করবে প্রয়োজনে সরকার সেগুলো আমদানির অনুমতি দেবে।

চাল ব্যবসায়ীদের প্রতিনিধির অভিযোগের জবাবে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, চাল ব্যবসায়ীরা যেখান থেকে চাল ক্রয় করেন তার পঁাকা রশিদ সংরক্ষণ করতে হবে। যদি স্বাভাবিক বাজারের তুলনায় সংকট দেখিয়ে বেশি দামে নেয় তাহলে কর্তৃপক্ষকে জানানোর অনুরোধ করেন তিনি। টাকা থাকলেই পণ্য মজুত করবে তার লাইসেন্স বা অধিকার কাউকে দেয়া হয়নি।

তিনি বলেন, দেশে ব্যবসা করতে হলে নিয়ম মেনে করতে হবে। রমজানে অত্যবশ্যকীয় পণ্য কোনোভাবেই মজুত করা যাবে না। পবিত্র এ মাসে সাধারণ মানুষের কথা চিন্তা করে দ্রব্যমূল্য স্বাভাবিক রাখার জন্য সকল ব্যবসায়ীদের আহ্বান জানান প্রতিমন্ত্রী।

এসময়, মোহাম্মদপুর কৃষি মার্কেট পাইকারী চালের বাজার পরিদর্শন করে বাণিজ্য প্রতিমন্ত্রী।

প্রচার ও প্রকাশের অনুরোধসহ-

স্বাক্ষরিত/-

মোঃ হায়দার আলী

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

বাণিজ্য মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭২২০৯৫৫৮৫

ই-মেইল-pro2mincom@gmail.com